

বাংলাদেশ পর্যটন করপোরেশন
পরিকল্পনা-১ শাখা

...


সভাপতি	আবেদা আকতার পরিচালক
সভার তারিখ	০৯/০৯/২০১৯
সভার সময়	বিকাল ৩.৩০ টা।
স্থান	সম্মেলন কক্ষ, প্রধান কার্যালয়, বাপক।
উপস্থিতি	পরিশিষ্ট - ক।

ইনোভেশন কমিটির উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে প্রধান ইনোভেশন কর্মকর্তা মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে অত্র সংস্থার চলতি বছরের বাৎসরিক প্রণীত ইনোভেশন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা করেন। সভায় ইনোভেশন কমিটি পুনর্গঠন বিষয়ে আলোচনা হয়। সভার আলোচনাক্রমে ইনোভেশন কমিটি পুনর্গঠনের প্রস্তাব অনুমোদিত হয়। এছাড়া বাৎসরিক কর্মপরিকল্পনার ১-৫ নং ক্রমিক পর্যন্ত বিষয়ে বিস্তারিত আলোচনাশেষে নিম্নলিখিত সুপারিশ গৃহীত হয়ঃ

ক্রমিক নং	বিষয়	আলোচনা ও সুপারিশ	বাস্তবায়নকারী বিভাগ
১)	ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন	এই কর্মপরিকল্পনার ১.১ -১.৩ পর্যন্ত যাবতীয় কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। তবে আইসিটি থেকে এ সংক্রান্ত যা কিছু আপলোড করা হবে তা পত্রের মাধ্যমে পিটিএস বিভাগকে পত্রের মাধ্যমে অবহিত করবে।	পিটিএস বিভাগ/আইসিটি বিভাগ।
২)	ইনোভেশন টিমের নিয়মিত সভা আহ্বান।	অক্টোবর'১৯ মাসের প্রথম সপ্তাহে ২য় সভা আহ্বান করতে হবে।	পিটিএস বিভাগ/ ইনোভেশন টিম।
৩)	বাজেটে বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব।	সংশোধিত বাজেটে ইনোভেশন খাতে বরাদ্দ বৃদ্ধির বিষয়ে আলোচিত হয়। চলতি বছরের ক্যালেন্ডার অনুযায়ী প্রস্তাবিত সভা, সেমিনার, প্রশিক্ষণ, শোকেসিং ইত্যাদি বাস্তবায়ন করার নিমিত্ত চলতি বছরের বাজেটে বরাদ্দ অপ্রতুল বিধায় সংশোধিত বাজেটে ইনোভেশন খাতে বরাদ্দ বৃদ্ধির জন্য সুপারিশ করা হয়।	অর্থ বিভাগ ও পিটিএস বিভাগ।

৪)	উদ্ভাবন ও সেবা সহজীকরণ বিষয়ে ১ দিনের কর্মশালা	<p>৪.১) সভায় ডিএফও হতে অবগত করা হয় যে, ইতোমধ্যে ঢাকা বিমানবন্দরে বাপক এর ডিউটি ফ্রি শপে সেবা সহজীকরণের নিমিত্ত বার কোড নতুন করে সংযোজন করা হয়েছে এবং এর ব্যবহার নিশ্চিত করা হয়েছে। সে অনুযায়ী সভাপতি মহোদয় সভায় উপস্থিত ডিএফও'র প্রতিনিধিকে বার কোড এর বিস্তারিত তথ্য পিটিএস বিভাগে সরবরাহের জন্য নির্দেশনা দেন। বার কোড এর তথ্য পাওয়ার পর পিটিএস বিভাগ পত্রের মাধ্যমে মন্ত্রণালয়কে বিষয়টি অবহিত করবে।</p> <p>এছাড়া অক্টোবর, ১৯ মাসের ৩য় সপ্তাহে এবং নভেম্বর, ১৯ মাসের ৪র্থ সপ্তাহে যথাক্রমে সেবা সহজীকরণ এবং উদ্ভাবন বিষয়ে ২টি এক দিনের কর্মশালা আয়োজন করবে।</p> <p>৪.২) ডিসেম্বর, ২০১৯ মাসের ৪র্থ সপ্তাহে উদ্ভাবনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিনের একটি প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সুপারিশ করা হয়।</p> <p>৪.৩) জানুয়ারি, ২০২০ মাসের ৩য় সপ্তাহে সেবা সহজীকরণের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিনের একটি প্রশিক্ষণ আয়োজন করা।</p>	ডিএফও/পিটিএস বিভাগ/ইনোভেশন কমিটি।
৫)	স্বীয় দপ্তরের সেবায় উদ্ভাবনী ধারণা, উদ্যোগ আহ্বান, যাচাই বাছাই সংক্রান্ত কার্যক্রম।	আগামী ১৫/০৯/২০১৯ তারিখের মধ্যে উদ্ভাবন এবং সেবা সহজীকরণ সংক্রান্ত পরিকল্পনা শেয়ারিং এর নিমিত্ত প্রশাসনিক মন্ত্রণালয়, বাপক এর সকল বাণিজ্যিক ইউনিট এবং প্রধান কার্যালয়ের সকল বিভাগ বরাবর পত্র প্রেরণ করতে হবে। আগামী ৩০/০৯/২০১৯ তারিখের মধ্যে তা পিটিএস বিভাগে দাখিলের জন্য পত্রে অনুরোধ জানাতে হবে। অক্টোবর ১ম সপ্তাহে আইডিয়া যাচাই বাছাই এর লক্ষ্যে কমিটির ২য় সভা আয়োজন করা হবে।	পিটিএস বিভাগ/ইনোভেশন টিম।
	অন্যান্য		
১)	ইনোভেশন কমিটি পুনর্গঠন	<p>পুনর্গঠিত কমিটি: ইতোমধ্যে গঠিত কমিটির কয়েকজন সদস্যের অন্যত্র বদলীজনিত কারণে সংস্থার ইনোভেশন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নোক্তভাবে কমিটি পুনর্গঠনের প্রস্তাব করা হয়:</p> <p>ক) বেগম আবেদা আকতার, পরিচালক (পরিকল্পনা), বাপক – প্রধান ইনোভেশন কর্মকর্তা</p> <p>খ) জনাব নুরুল ইসলাম, ব্যবস্থাপক (পরিকল্পনা), বাপক – সদস্য সচিব</p> <p>গ) জনাব মঈন উদ্দিন হায়াত, ব্যবস্থাপক (ডিএফও), বাপক, ঢাকা।</p> <p>ঘ) জনাব মো: সাজেদুল কবীর, উপ-ব্যবস্থাপক (পরি:), বাপক – সদস্য।</p> <p>ঙ) জনাব মো: শেখ মেহেদি হাসান, উপ-ব্যবস্থাপক (রেন্ট এ কার), বাপক – সদস্য।</p> <p>চ) মিসেস শিপ্রা দে, উপ-ব্যবস্থাপক (পরি:), বাপক – সদস্য।</p> <p>ছ) জনাব রমেন্দ্র নাথ মন্ডল, উপ-ব্যবস্থাপক (প্রশাসন), বাপক – সদস্য।</p> <p>জ) জনাব মো: আব্দুস ছামি, সহকারি নির্বাহী কর্মকর্তা, আইসিটি, বাপক - সদস্য।</p>	নোটিশ জারী করা। প্রশাসন বিভাগ
২)	ইনোভেশন সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ	গঠিত কমিটির মাধ্যমে ইনোভেশন সংক্রান্ত তথ্য হালনাগাদ রাখা। কমিটির সকলকে সপ্রণোদিত হয়ে কাজ করার পরামর্শ প্রদান।	

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় চিফ ইনোভেশন কর্মকর্তা সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



আবেদা আকতার
পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ২) সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
- ৩) ব্যবস্থাপক, সংগ্রহ শাখা, ডিএফও, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৪) উপব্যবস্থাপক, পরিকল্পনা-১ শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৫) উপব্যবস্থাপক, পরিকল্পনা-১ শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৬) উপব্যবস্থাপক, প্রশাসন শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৭) সহকারী নির্বাহী কর্মকর্তা, আইসিটি বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৮) ব্যবস্থাপক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন



মোঃ নুরুল ইসলাম
ব্যবস্থাপক